জুন 2023

# স্বাধীন স্কটল্যান্ডের জন্য আধুনিক সংবিধান তৈরি করা

BUILDING A NEW SCOTLAND

## সারাংশ

### ভূমিকা

'নতুন স্কটল্যান্ড গঠন' সিরিজের এই চতুর্থ পেপারটি প্রস্তুত হয়েছে:

- স্কটল্যান্ডের মানুষ কিভাবে ঠিক করবেন যে নতুন স্বাধীন দেশ কিভাবে কাজ করবে
- ওয়েস্টমিনস্টারের সার্বভৌমত্বের পরিবর্তে স্কটল্যান্ডবাসী জনগণের সার্বভৌমত্ব প্রতিষ্ঠার মাধ্যমে স্বাধীনতা কিভাবে আমূল পরিবর্তন আনতে পারে
- কোনও লিখিত সংবিধান কিভাবে অধিকার এবং সমতাকে মধ্যমণি করতে পারে, যার মধ্যে ধর্মঘটের অধিকার রক্ষা করা এবং স্কটল্যান্ডের NHS-কে সাংবিধানিক স্বীকৃতি দেওয়াও অন্তর্ভুক্ত রয়েছে
- স্কটল্যান্ডের জনগণ এবং তাদের নির্বাচিত সংসদ কিভাবে এমন স্থায়ী লিখিত সংবিধান তৈরি করতে পারে, যা স্কটল্যান্ডকে ভবিষ্যতের সমস্যা মোকাবিলায় প্রস্তুত রাখবে

পূর্ণ প্রকাশনাটি এই প্রস্তাবগুলি সম্পর্কে আরও বিশদ বিবরণ, প্রমাণাদির অবহিতকারী বিশ্লেষণ এবং সূত্রের রেফারেন্স প্রদান করে।

### স্কটল্যান্ডের লিখিত সংবিধান কেন প্রয়োজন?

সংবিধান হল কোনো দেশ কীভাবে কাজ করবে তার নির্দেশ সমৃদ্ধ নিয়মাবলী। এর মধ্যে রয়েছে:

- এমন নীতিগুলি, যা দেশ কিভাবে শাসন করতে হবে, তা নির্ধারণ করে
- দেশে কোন কোন প্রতিষ্ঠান থাকবে (যেমন সংসদ, সরকার এবং আইনি আদালত) এবং তাদের মধ্যে সম্পর্ক
- উক্ত প্রতিষ্ঠানগুলি কিভাবে ক্ষমতা নিয়ন্ত্রন করবে
- প্রধান অধিকার এবং সর্বোত্তম উদাহরণ হিসাবে দেশের জনগণের সমতার সুরক্ষা

বেশিরভাগ দেশের মতো, যুক্তরাজ্যের কোনও একক সাংবিধানিক দলিল নেই। তার পরিবর্তে এতে বিভিন্ন আইন, সনদ, নজির এবং আদালতের রায় রয়েছে। 'ওয়েস্টমিনস্টার সংসদীয় সার্বভৌমত্ব' অনুসারে চূড়ান্ত কর্তৃত্ব 'ক্রাউন-ইন-পার্লামেন্ট'-এর উপর ন্যস্ত হওয়ায় তা যুক্তরাজ্যের সংবিধানাধীন।

যুক্তরাজ্যের সংসদীয় সার্বভৌমত্বের প্রভাবে ওয়েস্টমিনস্টার যে কোনো সময় সংসদের প্রতিটি হাউসে সাধারণ সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে স্কটিশ সংসদ বা সরকারের ক্ষমতা পরিবর্তন করতে পারে। স্কটল্যান্ডের জনগণের নির্বাচিত স্কটিশ সংসদ দ্বারা স্কটল্যান্ডের প্রণীত আইনগুলি ওয়েস্টমিনস্টার সংসদ দ্বারা বাতিল করা যেতে পারে। প্রকৃতপক্ষে ওয়েস্টমিনস্টার সংসদ কোনো ক্ষমতা হস্তান্তর বাতিল করতে পারে, পাশাপাশি স্কটল্যান্ডের আইন বাতিল করতে এবং স্কটিশ সংসদকে বিলুপ্ত করার জন্য আইন পাস করতে পারে।

স্বাধীনতা অর্জন স্কটল্যান্ডের জনগণ তথা স্কটল্যান্ডের জন্য স্থায়ী, আধুনিক, লিখিত সংবিধান তৈরি করার সুযোগ দেবে।

একটি লিখিত নথি স্কটল্যান্ডের জন্য আধুনিক, গণতান্ত্রিক রাষ্ট্র হিসাবে গড়ার কাঠামো স্থাপন করবে। তা মানুষের অধিকার নির্ধারণ ও রক্ষা করবে।

স্কটিশ সরকার স্কটল্যান্ডের জনগণকে মানবাধিকার এবং সমান সুরক্ষা দিতে এবং তা রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। অবশ্য ক্ষমতা হস্তান্তর নিষ্পত্তির উপর সেটা করার ক্ষমতা নির্ভরশীল। স্বাধীনতা স্কটল্যান্ডকে অধিকার সুরক্ষিত করতে সাহায্য করবে এবং তাদের সংবিধানের কেন্দ্রবিন্দুতে রেখে সমতা আরও সম্পৃক্ত করবে।

স্বাধীন স্কটল্যান্ডের সংবিধান স্কটল্যান্ডে ওয়েস্টমিনস্টার সংসদীয় সার্বভৌমত্বের সমাপ্তি সূচিত করবে।

## আধুনিক সংবিধান কিভাবে তৈরি করা যায়

স্কটিশ সরকার বিশ্বাস করে যে স্বাধীন স্কটল্যান্ডের সংবিধান জনগণের সার্বভৌমত্বের ভিত্তিতে হওয়া উচিত এবং আধুনিক, গণতান্ত্রিক, ইউরোপীয় জাতি হিসাবে স্কটল্যান্ডের মূল্যবোধকে প্রতিফলিত করা উচিত।

এই লক্ষ্য অর্জনের জন্য স্কটিশ সরকারের প্রস্তাব:

- অন্তর্বর্তীকালীন সংবিধান স্বাধীনতার দিনে কার্যকর করা হবে
- আইনত বাধ্যতামূলক সাংবিধানিক সনদের মাধ্যমে জনগণের দ্বারা স্থায়ী সংবিধান তৈরি হবে
- স্কটল্যান্ডের জনগণকে স্থায়ী সংবিধানের সিদ্ধান্ত নিতে দেওয়ার জন্য গণভোটের ব্যবস্থা থাকবে

## অন্তর্বর্তীকালীন সংবিধান

স্কটল্যান্ডের অন্তর্বর্তীকালীন সংবিধান স্কটল্যান্ডের জনগণের সাথে পরামর্শ এবং কথোপকথনের মাধ্যমে রচিত হবে এবং এটি ইতিমধ্যেই বিদ্যমান সরকারের শক্তিশালী ভিতের উপর গড়ে উঠবে। যেদিন স্কটল্যান্ড স্বাধীন দেশ হিসাবে আত্মপ্রকাশ করবে সেদিন এটি কার্যকর হবে, এভাবে স্থায়ী সংবিধান তৈরির সময় স্থিতিশীলতা এবং স্বচ্ছতা থাকবে।

অন্তর্বর্তীকালীন সংবিধানে স্কটল্যান্ডের রাষ্ট্রের ধরণ বর্ণনা করা হবে: স্বাধীনতা অর্জনের সময় আমরা সাংবিধানিক রাজতন্ত্র এবং সংসদীয় গণতন্ত্র বিশিষ্ট দেশ হব। এটি জনগণের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করবে এবং রাষ্ট্রের মূল প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি এর গণতান্ত্রিক প্রক্রিয়া তথা স্বাধীন নিয়ন্ত্রক ও তদারকি সংস্থাদিও নির্ধারণ করবে। এভাবে সুনিশ্চিত করা যাবে যে স্কটিশ সরকার

এবং স্কটিশ সংসদের মতো প্রতিষ্ঠানগুলি জনগণের কাছে দায়বদ্ধ। এটি স্কটল্যান্ডে NHS-এর সাংবিধানিক স্বীকৃতি প্রদান করবে। স্কটিশ সরকার এই প্রস্তাবও দেয় যে স্কটল্যান্ডের অন্তর্বর্তীকালীন সংবিধানে স্বাধীনতার পরে স্কটিশ সরকারকে পারমাণবিক নিরস্ত্রীকরণের দায়িত্ব দেওয়া উচিত।

অন্তর্বর্তীকালীন সংবিধান মানবাধিকার সম্পর্কিত ইউরোপীয় সনদে (ECHR) নির্ধারিত মানবাধিকার সম্পৃক্ত করবে, পাশাপাশি অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার এবং শিশু, নারী, সংখ্যালঘু জাতিগত সম্প্রদায়, প্রতিবন্ধী মানুষ এবং উদ্বাস্তু ও সুস্থ পরিবেশ পাওয়ার অধিকার সম্পর্কিত মূল আন্তর্জাতিক মানবাধিকার চুক্তিগুলিও অন্তর্ভুক্ত করবে। অন্তর্বর্তীকালীন সংবিধানে প্রয়োজনের মুহূর্তে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ব্যবস্থা পাওয়ার অধিকার এবং ধর্মঘট করার অধিকার সহ শ্রমিকদের অধিকার রক্ষা করার অধিকার অন্তর্ভুক্ত থাকবে। তাছাড়াও এতে সমান সুরক্ষার বিষয়গুলিও সম্পৃক্ত থাকবে এবং সবার জন্য সমান সুযোগের দায়িত্বও অন্তর্ভুক্ত থাকবে।

স্বাধীনতার সাথেই, এই অধিকারগুলিতে বর্তমানে পরিবর্ধিত তথা সংরক্ষিত বিষয়ও অন্তর্ভুক্ত থাকবে। হস্তান্তরিত করা এলাকাগুলি হল স্বাস্থ্য এবং ন্যায়বিচারের মতো ক্ষেত্রগুলি, যেখানে স্কটিশ পার্লামেন্টের আইন প্রণয়নের ক্ষমতা রয়েছে; বর্তমানে সংরক্ষিত বিষয়ের অর্থ যেগুলিতে ওয়েস্টমিনস্টার সংসদের আইন প্রণয়নের ক্ষমতা রয়েছে, যার মধ্যে বৈদেশিক বিষয়, কর্মসংস্থান আইন এবং অভিবাসন অন্তর্ভুক্ত। স্বাধীনতা পাওয়ার পরে সংরক্ষিত ক্ষেত্রে এই অধিকারগুলির সাথে অসামঞ্জস্যপূর্ণ যে কোনও আইন বাতিল করা যেতে পারে।

অন্তর্বর্তীকালীন সংবিধান স্কটল্যান্ডের জন্য স্থায়ী লিখিত সংবিধান তৈরি করার জন্য, স্বাধীনতার পরে সাংবিধানিক সনদ প্রতিষ্ঠা করতে স্কটিশ সংসদের উপর দায়িত্বও অর্পণ করবে।

## স্থায়ী সংবিধান

স্থায়ী সংবিধানের খসড়া যৌথ জাতীয় প্রচেষ্টার মাধ্যমে করা উচিত। এটি অন্তর্ভুক্তিমূলক এবং সুবিস্তৃত প্রক্রিয়া হওয়া উচিত যা স্কটল্যান্ডের সমস্ত মানুষের কাছে পৌঁছবে। স্কটল্যান্ডের সাংবিধানিক সনদের সদস্যদের স্কটল্যান্ডের নানা প্রান্ত থেকে নিয়োগ করা উচিত, যাতে সুনিশ্চিত করা যায় যে সমাজের বিভিন্ন গোষ্ঠীর বিশেষজ্ঞ ও প্রতিনিধি সহ বিবিধ মানুষ,সম্প্রদায় এবং সংস্থা সংবিধান রচনায় যৌথ জাতীয় প্রচেষ্টায় নিমগ্ন হচ্ছেন।

যে কোনো আধুনিক সংবিধানকে গণতান্ত্রিকভাবে এবং আইনগতভাবে সুষ্ঠু হতে হবে তা স্বীকার করে স্কটিশ সংসদে স্থায়ী সংবিধান পেশ করা সাংবিধানিক সনদের দায়িত্ব।

স্কটিশ সংসদ স্থায়ী সংবিধানের খসড়া বিবেচনা করার পরে স্কটল্যান্ডের জনগণকে গণভোটে সমর্থন করার জন্য দেবে। অনুমোদিত হলে এটি স্কটল্যান্ডের স্থায়ী, লিখিত সংবিধান হবে।

স্কটিশ সরকারের দৃষ্টিতে, স্থায়ী সংবিধান এমন এক জীবন্ত নথি হওয়া উচিত, যা প্রাসঙ্গিক থাকার জন্য সময়ের সাথে পরিবর্তিত হতে সক্ষম। তবে এতে এমন সাংবিধানিক সুরক্ষাবিধান অন্তর্ভুক্ত করা উচিত যা সাধারণ সংসদীয় সংখ্যাগরিষ্ঠ সরকার দ্বারা পরিবর্তন করা যায় না, তবে প্রয়োজনে সংশোধন করা যেতে পারে।

স্থায়ী সংবিধানের ভিত্তিতেই স্বাধীন স্কটল্যান্ডে সমস্ত সংসদীয় এবং সরকারি কার্যক্রম সঞ্চালিত

হবে।

## অধিকার ও সমতা সুরক্ষিত করা

স্কটিশ সরকার স্কটল্যান্ডে শক্তিশালী মানবাধিকার সংস্কৃতি গড়ে তোলার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ, যাতে নিশ্চিত করা যায় যে সাংবিধানিক মানবাধিকার এবং সমতার সুরক্ষা কার্যকরভাবে প্রয়োগ, পর্যবেক্ষণ ও রিপোর্ট করা হয় এবং সহজলভ্য প্রতিকার পাওয়া যায়।

স্বাধীনতার পরে প্রাথমিকভাবে স্কটিশ সরকার নিজেদেরকে যুক্তরাজ্যের মতো একই আন্তর্জাতিক চুক্তির দ্বারা এবং একই আন্তর্জাতিক মানবাধিকারের বাধ্যবাধকতা দ্বারা আবদ্ধ বলে মনে করবে। স্বাধীনতা স্কটল্যান্ডকে আরও আন্তর্জাতিক মানবাধিকার চুক্তি অনুমোদন করার কথা বিবেচনা করার সুযোগও দেবে।

## উপসংহার

স্বাধীনতা স্কটল্যান্ডের জনগণকে এমন সংবিধান তৈরি করতে দেবে যা নির্ধারণ করবে যে আমাদের দেশ কিভাবে কাজ করবে।

নতুন সংবিধান আমাদের অধিকার এবং সমতাকে স্কটল্যান্ডের গণতন্ত্রের কেন্দ্রবিন্দুতে রাখবে।

© The Scottish Government 2023

ISBN: 978-1-83521-018-5

স্কটিশ সরকার দ্বারা জুন 2023 -এ প্রকাশিত

APS Group Scotland, 21 Tennant Street, Edinburgh EH6 5NA PPDAS1151962 (06/23) দ্বারা স্কটিশ সরকারের জন্য প্রস্তুতকৃত